

২০১৮

বাংলা

প্রথম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

- ১। 'শ্রীকৃষ্ণকীর্তন'—কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। কাব্যটির ঐতিহাসিক গুরুত্ব পর্যালোচনা করো। ১০+৬

অথবা

চৈতন্য পরবর্তীকালের বৈষ্ণব পদাবলীর পরিচয় দাও। চৈতন্য পূর্ববর্তী পদাবলী থেকে এর পার্থক্য কোথায় ? ১০+৬

- ২। কোন প্রেক্ষিতে মধ্যযুগে অনুবাদ সাহিত্য সৃষ্টি হয়েছিল ? প্রথম পর্যায়ের অনুবাদের বৈশিষ্ট্যগুলি নির্দেশ করে এই পর্যায়ের অনুবাদ সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৩+৮

৫+৩+৮

(Turn Over)

অথবা

দেবী মনসার উৎস ও ক্রম-অভিব্যক্তির সংক্ষিপ্ত পরিচয় দাও। চৈতন্য-পূর্ব কালের মনসামঙ্গল কাব্যের প্রধান কবিদের নাম উল্লেখ করে যেকোনো একজন কবির কাব্য-কৃতির পরিচয় দাও।

৬+২+৮

- ৩। কোন্‌ রাষ্ট্রনৈতিক-সামাজিক প্রেক্ষিতে শাক্ত পদাবলীর উদ্ভব হয়েছিল ?
কোন একজন প্রধান শাক্ত কবির কাব্য কৃতিত্ব পর্যালোচনা করো।

৮+১০

অথবা

টীকা লেখো (যেকোনো তিনটি) :

৩×৬

- (ক) প্রাকৃত পৈঙ্গল
(খ) বারোমাস্যা
(গ) শূন্য পুরাণ
(ঘ) গোরক্ষবিজয়
(ঙ) মহারাষ্ট্র বিজয়
(চ) গীতিকা

দ্বিতীয়ার্থ

[মান—৫০]

- ৪। বাংলা গদ্যসাহিত্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান পর্যালোচনা করো।

১৬

অথবা

বঙ্কিম-পরবর্তী গৌণ ঔপন্যাসিকদের মধ্যে অন্তত তিনজনের সাহিত্য প্রতিভার পরিচয় দাও।

১৬

- ৫। সাধারণ রঙ্গালয় (National Theatre) প্রতিষ্ঠার পূর্ব পর্যন্ত বাংলা রঙ্গমঞ্চের ইতিহাস বিবৃত করো।

১৬

অথবা

মাইকেল মধুসূদনের কাব্য-প্রতিভার মূল্যায়ন করো।

১৬

- ৬। রবীন্দ্র নাট্য সৃষ্টির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এর বিবর্তনের স্বরূপ নির্দেশ করো। ১৮

অথবা

টীকা লেখো (যেকোনো তিনটি) :

৩×৬

- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ
(খ) বঙ্গদর্শন

(গ) গণনাট্য

(ঘ) চেতনাপ্রবাহমূলক রীতির উপন্যাস

(ঙ) অ্যাবসার্ড নাটক

(চ) গীতাঞ্জলি
